

৫ মার্চের মধ্যেই ঘোষণা দেওয়া হবে
 ১৫ বছর পর চট্টগ্রাম মহানগর
 ছাত্রলীগের কমিটি হতে যাচ্ছে

চট্টগ্রাম অফিস : দীর্ঘ ১৫ বছর পর অবশেষে চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের কমিটি গঠন হতে যাচ্ছে। আগামী ৫ মার্চের মধ্যে এই কমিটি ঘোষণা করা হবে বলে কেন্দ্রীয় নেতারা জানিয়েছেন। অন্যান্য ছাত্র সংগঠনসহ সাধারণ ছাত্রছাত্রীরা এই কমিটি গঠন প্রক্রিয়ার ওপর তীব্র নজর রাখছে। কারণ বিগত কমিটিগুলোতে অহাফিম ও স্বতন্ত্রীদের আধিপত্য থাকলেও এই কমিটি তার ব্যতিক্রম হবে বলে সবার আশা। তবে এবারের কমিটি বর্ধিত আকারে করা হবে বলে সূত্র জানায়।

উল্লেখ্য ১৯৮৯ সালে সংখ্যালেনের মাধ্যমে ছাত্রলীগের সর্বশেষ কমিটি গঠন করা হয়েছিল। দীর্ঘ ১৫ বছর যাবৎ কোনো সংখ্যালেন কিংবা কমিটি গঠন না হওয়ায় সৃষ্ট উপদেষ্টা কৌশলের কারণে বিচ্ছিন্ন সংঘর্ষে বিভিন্ন গ্রুপের প্রায় ৪০ জন ছাত্রলীগ নেতাকর্মী নিহত হয়েছে। এ ছাড়া স্বাধীনতা বিরোধী জামাত-শিবির ছাত্রলীগের এই ঘনকাজে লাগিয়ে বহুদায়হাট এইট মার্জার, চান্দগাঁও ট্রিপল মার্জারের মতো অসংখ্য খুনের ঘটনা সংঘটিত করেছে। তবে কিম্বিয়ে পড়া ছাত্রলীগের কার্যক্রমকে পুনরায় চাঙ্গা করার জন্য নিয়মিত ছাত্রদের দিয়ে গ্রহণযোগ্য কমিটি গঠনের জন্য সর্বস্তরের নেতাকর্মীরা কেন্দ্রীয় নেতৃত্বের প্রতি আহ্বান জানিয়েছেন।

ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির নবনির্বাচিত সভাপতি লিয়াকত শিকদারের সঙ্গে আলাপকালে তিনি জানান, কেন্দ্রীয় হাই কমান্ডের নির্দেশে চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের কমিটি গঠনের প্রক্রিয়া চলছে। আওয়ামী লীগ সভানেত্রী বিরোধীদলীয় নেত্রী পবিত্র হুজুরত শেষে ফিরে আসলে এই ব্যাপারে চূড়ান্ত পদক্ষেপ নেওয়া হবে। তবে তিনি ৫ মার্চের মধ্যে এই কমিটি ঘোষণা করা হবে বলে জানান। নির্বাচিত কমিটি গঠনের জন্য তিনি কেন্দ্রীয় নেতৃত্ব ছাড়াও চট্টগ্রামের শীর্ষস্থানীয় আওয়ামী লীগ নেতাদের সঙ্গে আলাপ আলাচনা চালিয়ে যাচ্ছেন সকল ধরনের উপদেষ্টা কৌশল নিরসনে। নিয়মিত ছাত্রদের দিয়ে গ্রহণযোগ্য কমিটি গঠনের ব্যাপারে তিনি অসীকার ব্যক্ত করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আগের কমিটিগুলো ৪১ সদস্যবিশিষ্ট হলেও এবার কপেবরে আরো বাড়িয়ে ১০১ সদস্যবিশিষ্ট করার সম্ভাবনা রয়েছে। তবে অনেকে প্রাথমিকভাবে আকর্ষণ করা হলে তিনি জানান, কেন্দ্রীয় নেতৃত্ব পূর্ণাঙ্গ কমিটি গঠনের পক্ষপাতী। এই কমিটি গঠনের পর নতুন নেতৃত্বেই পরবর্তী সময়ে ইউনিয়ন, ওয়ার্ড, কলেজ ও থানা কমিটি গঠন করে সংখ্যালেনের মাধ্যমে মহানগর কমিটি গঠনের প্রক্রিয়া অস্বাভাবিক রাখবে। কমিটির শীর্ষ পদে মহানগর ছাত্রলীগের সিনিয়র ক্যাডার কমিটির সদস্য ছাড়াও 'ডায়ালগিক' ছাত্রদের স্থান দেওয়া হবে বলে তিনি জানান।

মহানগর ছাত্রলীগের নতুন কমিটি গঠনের ব্যাপারে কেন্দ্রীয় সভাপতি লিয়াকত শিকদার সকলের সহায়তা কামনা করে এই প্রতিবেদনকে বলেন, আওয়ামী লীগ নেতা সাংবাদিকসহ সর্বস্তরের নেতাকর্মীদের সহায়তা না পেলে শত ঘোষণা দিয়েও কমিটি গঠন সম্ভব হবে না। এ জন্য তিনি বৃহত্তর চট্টগ্রামের শীর্ষ আওয়ামী লীগ নেতাদের আরো আন্তরিক হওয়ার আহ্বান জানান।